Live™
MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

Live MCQ™

# বিসিএস প্রিলিমিনারি জব সল্যুশন

## (বিষয়ভিত্তিক)

১০ম-৪৯তম বিসিএস প্রিলিমিনারি প্রশ্নসমূহের টপিকভিত্তিক ব্যাখ্যাসহ সমাধান




QR কোড স্ক্যানে Live MCQ অ্যাপে ১৬,০০০+
টপিকভিত্তিক প্রশ্ন অনুশীলনের সুযোগ

Live Publications™

বইটির যেকোনো মুদ্রণ প্রমাদ বা সংশোধনী সম্পর্কে জানাতে ভিজিট করুন-
*https://livepublications.com.bd/submit-error-report/*

বইটির মুদ্রণ প্রমাদগুলোর সংশোধনী পেতে ভিজিট করুন-
*https://livepublications.com.bd/corrections/bcs-preliminary-job-solution/*

এই বইয়ের প্রতিটি টপিকের শেষে একটি ইউনিক QR কোড রয়েছে, যেটি স্ক্যান করে আপনি Live MCQ অ্যাপে সংশ্লিষ্ট অধ্যায়ের প্রশ্ন অনুশীলন করতে পারবেন। সম্পূর্ণ বিনামূল্যে MCQ প্র্যাকটিস করতে-

- আপনার স্মার্টফোন দিয়ে সংশ্লিষ্ট অধ্যায়ের QR কোডটি স্ক্যান করুন।
- QR কোড স্ক্যান করে 'Take Quiz' ও 'View All Questions' অপশন ব্যবহার করে অধ্যায়ভিত্তিক MCQ প্রস্তুতি গ্রহণ করুন।

## QR কোড স্ক্যান করার নিয়মাবলি:

- QR কোড স্ক্যান করতে আপনার স্মার্টফোনের ডিফল্ট স্ক্যানার ফাংশন ব্যবহার করুন।
- আপনার স্মার্টফোনের ক্যামেরায় QR কোড স্ক্যানিং-এর কোনো অপশন না থাকলে Live MCQ অ্যাপের 'Study Section' এ অবস্থিত 'Book Store'-এর 'Scan QR Code' অপশনটি ব্যবহার করুন।
- স্ক্যানিং করতে কোন সমস্যা হলে 'Enter Code' অপশনে QR কোড সংশ্লিষ্ট কোডটি টাইপ করুন।

অথবা

- আপনার স্মার্ট ফোনে যে কোনো QR কোড স্ক্যানার অ্যাপ ডাউনলোড করে নিন।


---

আপনার স্মার্টফোনে Live MCQ অ্যাপটি ইন্সটল করা না থাকলে Play store বা App Store থেকে ইন্সটল করে লগ ইন করে নিন। অ্যাপ ইন্সটল করতে স্ক্যান করুন-

অথবা ভিজিট করুন- *https://go.livemcq.com/install*


**Live Publications™ থেকে প্রকাশিত বইসমূহ:**










Live Publications™ থেকে প্রকাশিতব্য বইসমূহের নিয়মিত আপডেট পেতে ভিজিট করুন-
*https://www.facebook.com/livepublications*

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **বাংলা ভাষা ও সাহিত্য** | **১-১৯২** |
| **বাংলা ভাষা** | **১-৬৮** |
| ভাষা ও বাংলা ভাষারীতি | ১ |
| **ধ্বনিতত্ত্ব** | **৫-১৫** |
| ধ্বনি ও বর্ণ-প্রকরণ | ৫ |
| ধ্বনির উচ্চারণ ও ধ্বনি পরিবর্তন | ৯ |
| ণ-ত্ব ও ষ-ত্ব বিধান | ১২ |
| সন্ধি | ১৩ |
| **শব্দ প্রকরণ** | **১৬-৩৩** |
| শব্দের শ্রেণিবিভাগ ও শব্দের উৎসমূল | ১৬ |
| ধাতু ও প্রত্যয় | ২০ |
| লিঙ্গ/পুরুষবাচক শব্দ, দ্বিরুক্ত বাচক শব্দ/শব্দ দ্বিত্ব, পদাশ্রিত নির্দেশক ও বচন | ২৪ |
| সমাস | ২৬ |
| উপসর্গ | ৩১ |
| **পদ-প্রকরণ** | **৩৩-৩৮** |
| পদ ও পদের শেণিবিভাগ: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় পদ ও ক্রিয়া পদ | ৩৩ |
| **বাক্য প্রকরণ** | **৩৮-৬৮** |
| বাক্য (সংজ্ঞা, গুণ ইত্যাদি সম্পর্কিত), বাক্যের প্রকারভেদ | ৩৮ |
| বাক্য ও উক্তির পরিবর্তন, বাচ্য ও বাচ্যের পরিবর্তন | ৪২ |
| কারক ও বিভক্তি | ৪৪ |
| যতিচিহ্ন ও যতিচিহ্নের ব্যবহার | ৪৬ |
| বাগ্‌ধারা ও প্রবাদ প্রবচন | ৪৭ |
| সমার্থক শব্দ/প্রতিশব্দ | ৫০ |
| বিপরীতার্থক শব্দ, শব্দজোড় ও প্রায় সমোচ্চারিত শব্দ | ৫৪ |
| এক কথায় প্রকাশ/বাক্য সংক্ষেপ | ৫৬ |
| পরিভাষা ও পারিভাষিক শব্দ | ৫৮ |
| বানান ও বাক্যশুদ্ধি, প্রয়োগ ও অপপ্রয়োগ | ৬১ |
| ছন্দ ও অলংকার | ৬৭ |
| **বাংলা সাহিত্য** | **৬৯-১৯২** |
| **বাংলা সাহিত্যের প্রাচীন যুগ** | **৬৯-৭৪** |
| **বাংলা সাহিত্যের মধ্যযুগ** | **৭৫-৯৩** |
| শ্রীকৃষ্ণকীর্তন | ৭৫ |
| মঙ্গলকাব্য | ৭৭ |
| বৈষ্ণব পদাবলি | ৭৯ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| লোকসাহিত্য | ৮০ |
| গীতিকা | ৮৩ |
| মধ্যযুগের গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম ও লেখকগণ | ৮৪ |
| **বাংলা সাহিত্যের আধুনিক যুগ** | **৯৩-১৭৮** |
| বাংলা সাহিত্যের আধুনিক যুগের বিকাশ | ৯৩ |
| রবীন্দ্রনাথ ঠাকুর | ১০০ |
| কাজী নজরুল ইসলাম | ১০৮ |
| মাইকেল মধুসূদন দত্ত | ১১৪ |
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | ১১৭ |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ১১৮ |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, কায়কোবাদ, দীনবন্ধু মিত্র | ১২২ |
| জসীম উদ্‌দীন, বেগম রোকেয়া, ফররুখ আহমেদ | ১২৪ |
| মীর মশাররফ হোসেন, সৈয়দ মুজতবা আলী | ১২৯ |
| প্রমথ চৌধুরী, মানিক বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | ১৩২ |
| কল্লোল যুগ ও বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডব | ১৩৪ |
| মুসলিম সাহিত্য সমাজের সাহিত্যিকগণ | ১৩৬ |
| শওকত অসমান, শামসুর রাহমান, আল মাহমুদ | ১৩৯ |
| সৈয়দ শামসুল হক, সেলিম আল দীন, হুমায়ুন আজাদ, হুমায়ুন আহমেদ | ১৪২ |
| সৈয়দ ওয়ালীউল্লাহ, আখতারুজ্জামান ইলিয়াস | ১৪৬ |
| ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ড. মুহম্মদ শহীদুল্লাহ, মুহম্মদ এনামুল হক, মুহম্মদ আবদুল হাই | ১৪৯ |
| বাংলা সাহিত্যের গুরুত্বপূর্ণ নারী লেখক | ১৫১ |
| আধুনিক যুগের অন্যান্য লেখক ও তাঁদের সাহিত্যকর্ম | ১৫৩ |
| সাহিত্যিক ছদ্মনাম ও উপাধি | ১৬৮ |
| পত্রিকা-সাময়িকী ও সম্পাদক | ১৭১ |
| **ভাষা অন্দোলন ও মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্য** | **১৭৯-১৮৫** |
| ভাষা অন্দোলনভিত্তিক সাহিত্য | ১৭৯ |
| মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্য | ১৮১ |
| **বাংলা সাহিত্যের চরিত্র, উক্তি ও সংলাপ** | **১৮৬-১৯২** |
| বাংলা সাহিত্যের চরিত্র | ১৮৬ |
| বাংলা সাহিত্যের উক্তি ও সংলাপ | ১৮৭ |
| **ইংরেজি ভাষা ও সাহিত্য** | **১৯৩-৩৭৪** |
| **ইংরেজি ভাষা** | **১৯৩-৩২৬** |
| **Noun, Pronoun, Number and Gender** | **১৯৩-১৯৯** |
| Noun and Pronoun | ১৯৩ |
| Number and Gender | ১৯৫ |
| **Verb** | **১৯৯-২১৭** |
| Classification of Verb,Gerund, Participle and Infinitive | ১৯৯ |
| Right form of Verbs | ২০৩ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| Tense | ২০৯ |
| Subject-Verb Agreement | ২১১ |
| Adjective and Adverb | ২১৫ |
| **Preposition and Conjunction** | **২১৮-২৩৫** |
| Appropriate Preposition | ২১৮ |
| Conjunction | ২২৭ |
| Article and Determiners | ২২৮ |
| Same Word used and Different Parts of Speech | ২৩১ |
| Interchange of Parts of Speech | ২৩৪ |
| **Sentence** | **২৩৬-২৪১** |
| Type of Sentence | ২৩৬ |
| Clause | ২৩৯ |
| **Sentence Transformation** | **২৪১-২৫০** |
| Voice | ২৪১ |
| Degree | ২৪৬ |
| Narration | ২৪৮ |
| Translation | ২৫০ |
| **Sentence Correction and Fill in the blanks** | **২৫১-২৬৬** |
| Sentence Correction | ২৫১ |
| Fill in the blanks | ২৫৭ |
| Conditionals | ২৬৪ |
| **Vocabulary** | **২৬৬-৩১৫** |
| Word Meaning and Spelling | ২৬৬ |
| Synonym and Antonym | ২৮৭ |
| One Word Substitution | ২৯৬ |
| Idioms and Phrases | ২৯৮ |
| Proverbs | ৩১৩ |
| Classification of Phrases | ৩১৪ |
| **Composition** | **৩১৬-৩১৮** |
| Letters, Applications, Paragraph Related and Others | ৩১৬ |
| **Miscellenious** | **৩১৮-৩২৬** |
| **ইংরেজি সাহিত্য** | **৩২৭-৩৭৪** |
| Periods of English Literature | ৩২৭ |
| The Old English Period, The Middle English Period & The Renaissance Period | ৩২৮ |
| The Neoclassical Period | ৩৩৮ |
| The Romantic Period | ৩৪২ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| The Victorian Period | ৩৪৮ |
| The Modern Period & The Postmodern Period | ৩৫৬ |
| Other Writers from Around the World | ৩৬৫ |
| English Literary Terms | ৩৭১ |
| **বাংলাদেশ বিষয়াবলি** | **৩৭৫-৫২৮** |
| **বাংলাদেশের জাতীয় বিষয়াবলি** | **৩৭৫-৪১৭** |
| প্রাচীন কাল (ইতিহাস, জনপদ ও বিভিন্ন রাজবংশ) | ৩৭৫ |
| মধ্যযুগ (মুঘল, সুলতান ও নবাবী আমল) | ৩৮১ |
| ইউরোপীয়দের অয়াগমন ও ব্রিটিশ শাসনামল | ৩৮৮ |
| পাকিস্তান আমল | ৩৯৬ |
| ভাষা আন্দোলন | ৩৯৬ |
| যুক্তফ্রন্ট নির্বাচন ও ১৯৫৬-এর শাসনতন্ত্র অন্দোলন | ৪০০ |
| ছয় দফা আন্দোলন | ৪০২ |
| ঊনসত্তরের গণঅভ্যুত্থান থেকে মুক্তিযুদ্ধ | ৪০৪ |
| **বাংলাদেশের কৃষিজ সম্পদ** | **৪১৮-৪৩০** |
| কৃষিজ সম্পদ (ফসল, বন, প্রাণিসম্পদ, মৎস্যসম্পদ) | ৪১৮ |
| ফসলের জাত | ৪২৫ |
| কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | ৪২৭ |
| অন্যান্য | ৪২৯ |
| **বাংলাদেশের অর্থনীতি** | **৪৩০-৪৪১** |
| অর্থনৈতিক সমীক্ষা ও বাজেট | ৪৩০ |
| প্রেক্ষিত পরিকল্পনা ও পঞ্চবার্ষিক পরিকল্পনা | ৪৩৪ |
| অন্যান্য | ৪৩৫ |
| **বাংলাদেশের শিল্প ও বাণিজ্য** | **৪৪২-৪৫৪** |
| শিল্প উৎপাদন | ৪৪২ |
| শক্তি সম্পদ | ৪৪৬ |
| পণ্য আমদানি ও রপ্তানি | ৪৪৮ |
| বৈদেশিক লেনদেন ও অর্থ প্রেরণ | ৪৫১ |
| বাংলাদেশের বাণিজ্য | ৪৫২ |
| **বাংলাদেশের জনমিতিক বিষয়সমূহ** | **৪৫৪-৪৬২** |
| জনমিতিক শুমারি ও জনসংখ্যা সংক্রান্ত | ৪৫৪ |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী | ৪৫৭ |
| অন্যান্য | ৪৬১ |
| **বাংলাদেশের সংবিধান** | **৪৬৩-৪৭৬** |
| **বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা** | **৪৭৭-৪৮০** |
| **বাংলাদেশের সরকার ব্যবস্থা** | **৪৮০-৪৯১** |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **বাংলাদেশের জাতীয় অর্জন ও অন্যান্য** | **৪৯২-৫২৮** |
| খেলাধুলা | ৫০৩ |
| যোগাযোগ | ৫০৬ |
| ভৌগোলিক বিষয়াদি | ৫০৯ |
| সংস্কৃতি ও গণমাধ্যম | ৫২১ |
| ভাস্কর্য | ৫২৬ |
| **আন্তর্জাতিক বিষয়াবলি** | **৫২৯-৬৪৭** |
| **বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি** | **৫২৯-৫৭৩** |
| বৈশ্বিক ইতিহাস (সভ্যতা, প্রাচীন ও মধ্যযুগ ইত্যাদি) | ৫২৯ |
| আন্দলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি | ৫৩২ |
| গুরুত্বপূর্ণ মহাদেশ, দেশ (রাজধানী, মুদ্রা), স্থান, বন্দর ইত্যাদি সম্পর্কিত | ৫৩৬ |
| যুদ্ধ ও বিপ্লবসমূহ | ৫৬৩ |
| ইতিহাসের গুরুত্বপূর্ণ ব্যক্তি, ধর্মের অতিহাস ও অন্যান্য | ৫৬৮ |
| **আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক** | **৫৭৪-৫৯২** |
| বৈশ্বিক দ্বন্দ্ব ও গুরুত্বপূর্ণ অঞ্চল | ৫৭৪ |
| ন্যাটো ও অন্যান্য নিরাপত্তা জোট বাহিনী | ৫৮৩ |
| বিভিন্ন গেরিলা ও জঙ্গি সংস্থা, বিদ্রোহী জোট এবং গোয়েন্দা | ৫৮৫ |
| নিরাপত্তা ও অন্যান্য চুক্তি এবং চুক্তি সংক্রান্ত সনদ | ৫৮৬ |
| **আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি** | **৫৯৩-৬২৩** |
| পরিবেশগত বিভিন্ন ইস্যু | ৫৯৩ |
| পরিবেশ বিষয়ক সংস্থা ও জোট | ৫৯৫ |
| পরিবেশগত বিষয়ক চুক্তি ও সম্মেলন | ৫৯৭ |
| আন্তর্জাতিক সংগঠন এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান | ৬০২ |
| আন্তর্জাতিক রাজনৈতিক সংগঠন ও জোট | ৬০২ |
| জাতিসংঘ ও জাতিসংঘ বিষয়ক তথ্য | ৬০৬ |
| আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী, মানবাধিকার ও দূর্নীতি বিরোধী সংস্থা | ৬২০ |
| **আন্তর্জাতিক সহযোগিতা সংগঠন ও জোট** | **৬২৪-৬৩৯** |
| বিশ্বব্যাংক ও IMF | ৬২৯ |
| অন্যান্য অর্থনৈতিক সংস্থা | ৬৩২ |
| **বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনা প্রবাহ** | **৬৩৯-৬৪৮** |
| গুরুত্বপূর্ণ জরিপ, সমীক্ষা ও সূচক সম্পর্কিত | ৬৩৯ |
| আন্তর্জাতিক বিভিন্ন পুরস্কার ও খেলাধুলা সম্পর্কিত | ৬৪২ |
| সাম্প্রতিক আন্তর্জাতিক সম্মেলন | ৬৪৭ |
| **ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা** | **৬৪৯-৬৭৮** |
| বাংলাদেশ ও বৈশ্বিক ভৌগোলিক অঞ্চল, সীমানা, পারিবেশিক ও আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব | ৬৪৯ |
| অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ, সম্পদের বণ্টন ও গুরুত্ব | ৬৫৬ |

| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ: প্রকৃতি ও সম্পদের প্রধান চ্যালেঞ্জসমূহ | ৬৬৪ |
| বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন: আবহাওয়া ও জলবায়ু নিয়ামকসমূহ | ৬৬৫ |
| প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা: দুর্যোগের ধরন, প্রকৃতি ও ব্যবস্থাপনা | ৬৭০ |
| **সাধারণ বিজ্ঞান** | **৬৭৯-৭৬৪** |
| **ভৌত বিজ্ঞান** | **৬৭৯-৭২৪** |
| **পদার্থবিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৬৭৯-৭০৭** |
| ভৌত রাশি, পরিমাপ ও পদার্থ বিজ্ঞানের উন্নয়ন | ৬৭৯ |
| বল ও গতি এবং মহাকর্ষ ও অভিকর্ষ | ৬৮১ |
| কাজ, ক্ষমতা ও শক্তি | ৬৮৪ |
| চাপ ও ঘনত্ব | ৬৮৫ |
| তরঙ্গ ও শব্দ | ৬৮৭ |
| তাপ ও তাপগতিবিদ্যা | ৬৯১ |
| আলোকবিদ্যা | ৬৯৪ |
| বিদ্যুৎ ও তড়িৎবিদ্যা | ৬৯৮ |
| আধুনিক পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স | ৭০২ |
| চৌম্বক ও চৌম্বকত্ব | ৭০৫ |
| **রসায়ন বিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭০৮-৭২৪** |
| দৈনন্দিন জীবনে রসায়ন ও রসায়ন বিজ্ঞানের উন্নয়ন | ৭০৮ |
| পদার্থের অবস্থা, রাসায়নিক গঠন ও পরিবর্তন এবং পর্যায়বৃত্ত ধর্ম | ৭১২ |
| অ্যাসিড, ক্ষার ও লবণ | ৭১৭ |
| খনিজ সম্পদ: ধাতু, অধাতু ও জীবাশ্মসমূহ | ৭১৯ |
| তড়িৎ ও জৈব রসায়ন ও তাদের জাতকসমূহ | ৭২১ |
| মৌলের রাসায়নিক নাম ও তাদের সংকেতসমূহ | ৭২৩ |
| **জীববিজ্ঞান** | **৭২৫-৭৪২** |
| জীববিজ্ঞানের শাখা ও অবদান | ৭২৫ |
| **উদ্ভিদ বিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭২৬-৭৩১** |
| উদ্ভিদের কোষীয় সংগঠন, বাহ্যিক বৈশিষ্ট্য ও প্রজনন | ৭২৬ |
| উদ্ভিদের শারীরবৃত্তীয় প্রক্রিয়া | ৭২৭ |
| উদ্ভিদের পুষ্টি, রোগ-বালাই ও অণুজীববিদ্যা সম্পর্কিত | ৭২৯ |
| উদ্ভিদবিজ্ঞান সম্পর্কিত অন্যান্য বিষয় | ৭৩১ |
| **প্রাণিবিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭৩১-৭৪২** |
| মানবদেহ ও শারীরতত্ত্ব | ৭৩১ |
| খাদ্য, পুষ্টি ও পরিমাপকসমূহ | ৭৩৬ |
| জীবের বংশগতি ও প্রাণিবিজ্ঞান সংক্রান্ত অন্যান্য বিষয় | ৭৪০ |
| **আধুনিক বিজ্ঞান** | **৭৪২-৭৬৪** |
| রোগ - জীবাণু ও আধুনিক চিকিৎসা সংক্রান্ত | ৭৪২ |
| আধুনিক চাষ ও পশুপালন পদ্ধতি এবং কৃষি ব্যবস্থাপনা | ৭৪৯ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **আধুনিক পদার্থ ও ভূগোল সংক্রান্ত** | **৭৫০-৭৬৪** |
| মহাকাশ ও জ্যোতির্বিজ্ঞান | ৭৫০ |
| প্রাকৃতিক ভূগোল ও দুর্যোগ ব্যবস্থাপনা | ৭৫৫ |
| পরিবেশ বিজ্ঞান ও দূষণসমূহ | ৭৫৮ |
| জোয়ার-ভাটা, অক্ষাংশ-দ্রাঘিমাংশ ইত্যাদি | ৭৬১ |
| অন্যান্য | ৭৬২ |
| **কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি** | **৭৬৫-৮০৮** |
| **কম্পিউটার** | **৭৬৫-৭৮৯** |
| কম্পিউটারের অঙ্গসংগঠন ও পেরিফেরালস | ৭৬৫ |
| কম্পিউটার প্রোগ্রাম, প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ও পারঙ্গমতা | ৭৭২ |
| কম্পিউটার অপারেটিং সিস্টেম | ৭৭৭ |
| কম্পিউটারের ইতিহাস, কম্পিউটারের প্রকারভেদ ও দৈনন্দিন জীবনে কম্পিউটার | ৭৮০ |
| কম্পিউটার নম্বর সিস্টেম ও লজিক গেইটসমূহ | ৭৮৩ |
| ডেটাবেজ সিস্টেম | ৭৮৭ |
| **তথ্যপ্রযুক্তি** | **৭৮৯-৮০৮** |
| ইন্টারনেট সংক্রান্ত বিষয় | ৭৮৯ |
| কম্পিউটার ও সেলুলার নেটওয়ার্কিং সিস্টেম ও ডেটা কমিউনিকেশন | ৭৯৩ |
| দৈনন্দিন জীবনে তথ্য-প্রযুক্তি (ইমেইল, স্মার্টফোন ইত্যাদি) | ৮০০ |
| ক্লায়েন্ট সার্ভার ম্যানেজমেন্ট ও ক্লাউড কম্পিউটিং | ৮০২ |
| মোবাইল প্রযুক্তি ও এর বৈশিষ্ট্য, রোবটিক্স ও সাইবার অপরাধ | ৮০৫ |
| সোশ্যাল নেটওয়ার্কিং ও তথ্য প্রযুক্তির বড় প্রতিষ্ঠান | ৮০৭ |
| **গাণিতিক যুক্তি** | **৮০৯-৯০৪** |
| **পাটিগণিত** | **৮০৯-৮৪১** |
| বাস্তব সংখ্যা, গড়, ভগ্নাংশ, ল.সা.গু ও গ.সা.গু | ৮০৯ |
| শতকরা, সরল ও যৌগিক মুনাফা, লাভ-ক্ষতি | ৮১৯ |
| অংশীদারী হিসাব, অনুপাত ও সমানুপাত | ৮৩০ |
| ঐকিক নিয়ম | ৮৩৩ |
| বয়স ও পরিমাপ সংক্রান্ত সমস্যা | ৮৩৪ |
| নৌকা, ট্রেন, সময় ও গতি বেগ সংক্রান্ত সমস্যা | ৮৩৫ |
| কাজ, নল ও চৌবাচ্চা সংক্রান্ত সমস্যা | ৮৩৯ |
| **বীজগণিত** | **৮৪২-৮৮০** |
| বীজগাণিতিক সূত্রাবলি ও এর প্রয়োগ | ৮৪২ |
| বহুপদী উৎপাদক ও এর বিশ্লেষণ | ৮৪৯ |
| সরল ও দ্বিপদী সমীকরণ এবং সরল সহসমীকরণ | ৮৫০ |
| সরল ও দ্বিপদী অসমতা | ৮৫৮ |
| সূচক ও লগারিদম | ৮৬১ |
| ধারা | ৮৬৭ |
| সেট, ফাংশন ও ভেনচিত্র | ৮৭৩ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| বিন্যাস ও সমাবেশ | ৮৭৭ |
| পরিসংখ্যান ও সম্ভাব্যতা | ৮৭৯ |
| **জ্যামিতি** | **৮৮১-৯০৪** |
| রেখা, কোণ ও বৃত্ত সম্পর্কিত সমস্যা ও সমাধান | ৮৮১ |
| ত্রিভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৮৮৯ |
| চতুর্ভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৮৯৪ |
| পিথাগোরাসের উপপাদ্য এবং অন্যান্য বহুভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৮৯৮ |
| ত্রিকোণমিতি | ৯০০ |
| পরিমিতি | ৯০৩ |
| **মানসিক দক্ষতা** | **৯০৫-৯৪০** |
| ভাষাগত যৌক্তিক বিচার | ৯০৫ |
| সমস্যা সমাধান | ৯১১ |
| বানান ও ভাষা | ৯১৮ |
| যান্ত্রিক দক্ষতা | ৯২২ |
| স্থানাঙ্ক সম্পর্ক | ৯২৬ |
| সংখ্যাগত ক্ষমতা | ৯৩১ |
| বিমূর্ত যুক্তি | ৯৩৬ |
| বিবিধ | ৯৩৯ |
| **নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন** | **৯৪১-৯৬০** |
| নৈতিকতা | ৯৪১ |
| মূল্যবোধ | ৯৪৬ |
| সুশাসন | ৯৫০ |
| নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন সম্পর্কিত উক্তি, বই ও লেখক | ৯৫৭ |
| **৩৫তম-৪৬তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন** | **৯৬১-১০৪৮** |


## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার নতুন নম্বর বণ্টন:

| ক্রমিক | বিষয়ের নাম | নম্বর |
|---|---|---|
| ১. | বাংলা ভাষা ও সাহিত্য | ৩০ |
| ২. | ইংরেজি ভাষা ও সাহিত্য | ৩০ |
| ৩. | বাংলাদেশ বিষয়াবলি | ২৫ |
| ৮. | আন্তর্জাতিক বিষয়াবলি | ২৫ |
| ৫. | ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ১০ |
| ৬. | সাধারণ বিজ্ঞান | ১৫ |
| ৭. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ১৫ |
| ৮. | গাণিতিক যুক্তি | ২০ |
| ৯. | মানসিক দক্ষতা | ১৫ |
| ১০. | নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন | ১৫ |
| | **মোট =** | **২০০** |

**** বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার নতুন সিলেবাস ও টপিকভিত্তিক মান বণ্টন জানতে BPSC-এর ওয়েবসাইট ভিজিট করুন।*

BCS Job Solution

# বাংলা ভাষা ও সাহিত্য

## বাংলা ভাষা

### ভাষা ও বাংলা ভাষারীতি

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ০ | ৪২তম | ২ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ২ | ৪১তম | ১ | ৩৫তম | ১ |
| ৪৬তম | ১ | ৪০তম | ০ | ১০ম-৩৪তম | ৮ |
| ৪৫তম | ২ | ৩৯তম | ১ | | |
| ৪৪তম | ০ | ৩৮তম | ০ | | |

১. **মনোএল দ্যা আসসুম্পসাঁও অভিধান প্রকাশের আগে কত বছর ধরে শব্দ সংগ্রহ করেন?** *[৪৭তম বিসিএস]*

ক) ২-৩ বছর খ) ৫-৭ বছর
গ) ৯-১০ বছর ঘ) ১৪-১৫ বছর **উ.** গ

**ব্যাখ্যা :** 'Vocabolario em idioma Bengalla, e Portuguez dividido em duas partes' – গ্রন্থ রচনার জন্য ৯-১০ বছর ধরে শব্দ সংগ্রহ করেছেন। মনোএল ভাওয়ালের একটি গির্জায় ধর্মযাজকের দায়িত্ব পালনকালে ১৭৩৪-৪২ খ্রিস্টাব্দের মধ্যে Vocabolario em idioma Bengalla, e Portuguez dividido em duas partes শীর্ষক গ্রন্থটি রচনা করেন। এটি ১৭৪৩ সালে প্রকাশ করেন।

**বাংলা ব্যাকরণ রচনার ইতিহাস:**

**প্রথম পর্যায়:** প্রথম বাংলা ব্যাকরণ প্রকাশিত হয় ১৭৪৩ সালে। এটি পর্তুগিজ ভাষায় রচিত, লেখক ছিলেন মনোএল দা আসসুম্পসাঁউ। তিনি তাঁর বাংলা-পর্তুগিজ অভিধানের ভূমিকাংশ হিসেবে এই ব্যাকরণ রচনা করেন।

**ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ:** ১৭৭৮ সালে প্রকাশিত হয় নাথানিয়েল ব্রাসি হ্যালহেড প্রণীত বাংলা ব্যাকরণ। নাম: 'A Grammar of the Bengal Language'। এটি ইংরেজি ভাষায় রচিত প্রথম পূর্ণাঙ্গ বাংলা ব্যাকরণ। ১৮০১ সালে উইলিয়াম কেরি ইংরেজি ভাষায় রচনা করেন 'A Grammar of the Bengalee Language'। এর বঙ্গানুবাদ করেন – জন রবিনসন (১৮৪৬)।

**বাংলা ভাষায় রচিত ব্যাকরণ:** ১৮৩৩ সালে প্রকাশিত হয় রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ'। এটি বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ।

*উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (নবম-দশম শ্রেণি, সংস্করণ ২০২১), বাংলাপিডিয়া।*

২. **গৌড়ী প্রাকৃত বলতে বোঝায়–** *[৪৭তম বিসিএস]*

ক) গৌড় অঞ্চলের মুখের ভাষা
খ) গৌড় সাহিত্যের স্বাভাবিক রীতি
গ) গৌড় ভাষার লিখিত নমুনা
ঘ) গৌড় ভাষার বিকৃত উচ্চারণ **উ.** ক

**ব্যাখ্যা :** গৌড়ী প্রাকৃত বলতে বোঝায় গৌড় অঞ্চলের সাধারণ মানুষের মুখের ভাষা। ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, গৌড় অঞ্চলের সাধারণ মানুষের মুখের ভাষা অর্থ প্রাকৃতজনের মুখের ভাষা থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে। অর্থাৎ বাংলা ভাষার উৎপত্তি গৌড়ীয় প্রাকৃত থেকে। মুহম্মদ শহীদুল্লাহ মনে করেন ৬৫০ খ্রিষ্টাব্দের কাছাকাছি কোনো সময়ে, অর্থাৎ সপ্তম শতকে গৌড়ি প্রাকৃত থেকে জন্ম নিয়েছিল আধুনিকতম প্রাকৃত বাংলা

BCS Job Solution

# বাংলা ভাষা ও সাহিত্য

## বাংলা সাহিত্য

### বাংলা সাহিত্যের প্রাচীন যুগ

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ১ | ৪৩তম | ২ | ৩৭তম | ২ |
| ৪৮তম | ০ | ৪২তম | ১ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ১ | ৪১তম | ১ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ১ | ৪০তম | ২ | ১০ম-৩৪তম | ৯ |
| ৪৫তম | ১ | ৩৯তম | ০ | | |
| ৪৪তম | ০ | ৩৮তম | ১ | | |

**১. চর্যাপদের খণ্ডিত পদগুলো তিব্বতি থেকে প্রাচীন বাংলায় রূপান্তর করেন–** *[৪৯তম বিসিএস]*

ক সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ হরপ্রসাদ শাস্ত্রী
গ রাজেন্দ্রলাল মিত্র ঘ সুকুমার সেন **উ.** ঘ

**ব্যাখ্যা :** চর্যাচর্যবিনিশ্চয় বা চর্যাগীতিকোষ বা চর্যাগীতি বা চর্যাপদ হলো বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন যা ৮ম থেকে ১২শ শতাব্দীর মধ্যে রচিত বৌদ্ধ সহজিয়া পদাবলী। এই পদগুলো মূলত প্রাচীন বাংলা, মৈথিলি, ওড়িয়া এবং অসমীয়ার মতো পূর্ব ভারতীয় ভাষার মিশ্রণে রচিত।

**চর্যাপদ আবিষ্কার:** ১৯০৭ সালে হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজদরবারের গ্রন্থাগার থেকে মুণিদত্তের সংস্কৃত টীকাসহ বাংলা চর্যাপদের পাণ্ডুলিপি আবিষ্কার করেন। এই পাণ্ডুলিপিতে ২৩ এর খণ্ডিত, ২৪, ২৫, এবং ৪৮ নং পদগুলো ছিল না। সংস্কৃত ভাষার টীকাগুলোতে বাংলা চর্যার প্রতিটি পদের ব্যাখ্যা দেওয়া আছে।

**চর্যাপদের মোট পদসংখ্যা :** সুকুমার সেনের মতে চর্যাপদের পদসংখ্যা ৫১টি; তবে তিনি তাঁর 'চর্যাগীতি পদাবলী' গ্রন্থে ৫০টি পদের উল্লেখ করেছেন। মুনিদত্ত সংস্কৃত ভাষায় ৫০টি পদের ব্যাখ্যা করেন। তিনি ১১নং পদের ব্যাখ্যা করেননি। ড. মুহম্মদ শহীদুল্লাহ্ চর্যাপদের পদ সংখ্যা ৫০টি বলে মনে করেন। উল্লেখ্য, চর্যাপদের একটি পদ ছিন্ন অবস্থায় পাওয়া গেছে, সেখান থেকেই এই মতবিরোধের সৃষ্টি।

**উদ্ধারকৃত পদের সংখ্যা :** চর্যাপদের সাড়ে ৪৬টি পদ পাওয়া যায় [৪৬টি পদ এবং ভুসুকুপা রচিত খণ্ডিত ২৩নং পদ (৬টি লাইন) পাওয়া গেছে]।

**অনুদ্ধারকৃত বা বিলুপ্ত পদের সংখ্যা :** সাড়ে ৩টি [২৪নং (কাহ্নপা রচিত), ২৫নং (তন্ত্রীপা রচিত) এবং ৪৮নং (কুক্কুরীপা রচিত) এবং ২৩নং এর বাকি ৪টি লাইন (ভুসুকুপা রচিত) পাওয়া যায়নি]।

**চর্যাপদের তিব্বতি অনুবাদ :** চর্যাপদের পাণ্ডুলিপি প্রথম আবিষ্কৃত হয় তিব্বতে এবং এগুলো তিব্বতি ভাষায় অনুবাদিত বা টীকাকৃত আকারে পাওয়া যায়। চর্যাপদ তিব্বতি ভাষায় অনুবাদ করেন কীর্তিচন্দ্র। ১৯৩৮ সালে কীর্তিচন্দ্রের তিব্বতি অনুবাদটি আবিষ্কার করেন প্রবোধচন্দ্র বাগচী এবং ১৯৪২ সালে তা প্রকাশ করেন। পরবর্তীতে তাঁর ও শান্তিভিক্ষু শাস্ত্রীর সম্পাদনায় ১৯৫৬ সালে বিশ্বভারতী থেকে প্রকাশিত হয়।

**তিব্বতি ভাষা থেকে চর্যার খণ্ডিত ও বিলুপ্ত পদগুলোর বাংলায় রূপান্তর :** চর্যাপদের পাণ্ডুলিপিতে ২৩-এর খণ্ডিত, ২৪, ২৫ ও ৪৮নং পদগুলো ছিল না। এ পদগুলো পরবর্তীতে প্রবোধচন্দ্র বাগচী আবিষ্কৃত তিব্বতি অনুবাদ থেকে প্রাচীন বাংলায় রূপান্তর করা হয়।

BCS Job Solution

# ইংরেজি ভাষা ও সাহিত্য
(English Language & Literature)

## ইংরেজি ভাষা
(English Language)

## Noun, Pronoun, Number and Gender

### Noun and Pronoun

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ১ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ০ | ৪১তম | ১ | ৩৫তম | ১ |
| ৪৬তম | ০ | ৪০তম | ০ | ১০ম-৩৪তম | ৬ |
| ৪৫তম | ০ | ৩৯তম | ০ | | |
| ৪৪তম | ১ | ৩৮তম | ২ | | |

১. **What kind of noun is 'river'?** *[৪৪তম বিসিএস]*
ⓚ Material ⓛ Collective
ⓜ Proper ⓝ Common **উ.** ঘ

**ব্যাখ্যা :** River শব্দটি Common noun।
নির্দিষ্ট কোনো কিছুর নির্দিষ্ট নাম, যা দ্বারা শুধু সেই ব্যক্তি বা বস্তুর নাম বুঝায় তাকে Proper Noun/নামবাচক বিশেষ্য বলে (Rahim, Dhaka)।

একাধিক ব্যক্তি বা বস্তুর সাধারণ জাতের নাম বুঝালে তাকে Common Noun/জাতিবাচক বিশেষ্য বলে (River, Boy, Dog, Cow, Book)। যেহেতু প্রশ্নে উল্লিখিত River শব্দটি দ্বারা সাধারণভাবে সব নদীকে বুঝানো হয়েছে, তাই এটি Common Noun। এখানে কোন নির্দিষ্ট নদী; যেমন The Padma হলে সেটা হতো Proper Noun।

অপরদিকে, কোন নির্দিষ্ট জাতি না বুঝিয়ে যে কোন দল বা সমষ্টিকে বুঝালে তাকে Collective Noun/সমষ্টিবাচক বিশেষ্য বলে (Army, Class, Board, Flock, Herd, Cattle, Crowd, team)।

কোন বস্তুর নাম যা একটি নির্দিষ্ট উপাদান দিয়ে গঠিত তাকে Material Noun/উপাদানবাচক বিশেষ্য বলে (Rice, Milk, Mutton, Beef, Sugar, Gold, Brick, Air)।

যে জিনিসকে স্পর্শ করা যায় না, শুধু অনুভব করতে হয় তার নামকে Abstract Noun/ইন্দ্রিয়বাচক বিশেষ্য বলে (Honesty, Happiness, Life, Light)।

উল্লেখ্য, Common ও Collective Noun হলো Countable noun (গণনা করা যায়) এবং Material ও Abstract Noun হলো Uncountable noun (গণনা করা যায় না, পরিমাপ বা অনুভব করতে হয়)। Proper Noun দ্বারা একক ব্যক্তি বা বস্তুর নাম বুঝায় এবং গণনার বিষয় আসে না বলে এটি Countable বা Uncountable noun কোনটিই নয়।

২. **'A herd of cattle is passing.' The underlined word is a/an ——** *[৪৩তম বিসিএস]*
ⓚ adverb ⓛ adjective
ⓜ collective noun ⓝ abstract noun **উ.** গ

BCS Job Solution

# ইংরেজি ভাষা ও সাহিত্য
# (English Language & Literature)

## ইংরেজি সাহিত্য
## (English Literature)

### Periods of English Literature

| | Periods | | Time Duration (AD) |
|---|---|---|---|
| **1** | **The Old English Period/ The Anglo-Saxon Period** | | **450-1066** |
| **2** | **The Middle English Period** | | **1066-1500** |
| | **2.1** | The Anglo-Norman Period | 1066-1340 |
| | **2.2** | The Age of Chaucer | 1340-1400 |
| | **2.3** | The Dark/Barren Period | 1400-1485 |
| **3** | **The Renaissance Period** | | **1500-1660** |
| | **3.1** | Preparation for Renaissance | 1500-1558 |
| | **3.2** | Elizabethan Age | 1558-1603 |
| | **3.3** | Jacobean Age | 1603-1625 |
| | **3.4** | Caroline Age | 1625-1649 |
| | **3.5** | Commonwealth Period | 1649-1660 |
| | **3.6** | Puritan Period | 1620-1660 |
| **4** | **The Neoclassical Period** | | **1660-1785*** |
| | **4.1** | The Restoration Period | 1660-1700 |
| | **4.2** | The Augustan Age/The Age of Pope | 1700-1745 |
| | **4.3** | Age of Sensibility/The Age of Johnson | 1745-1785 |
| **5** | **The Romantic Period** | | **1798-1832** |
| **6** | **The Victorian Period** | | **1832-1901** |
| | **6.1** | The Pre-Raphaelites | 1848-1860 |
| | **6.2** | Aestheticism and Decadence | 1880-1901 |
| **7** | **The Modern Period** | | **1901-1939** |
| | **7.1** | Edwardian Period | 1901-1910 |
| | **7.2** | Georgian Period | 1910-1936 |
| **8** | **The Postmodern Period** | | **1939-Present** |

*১৬৬০-১৭৮৫ সময়কালকে Neoclassical যুগ হিসেবে বিবেচনা করা হয়। তবে অনেক সাহিত্যবোদ্ধার মতে ১৭৮৫ নয়, ১৭৯৮ সালে 'Lyrical Ballads' প্রকাশিত হলে এ যুগের চূড়ান্ত সমাপ্তি ঘটে।

# The Old English Period, The Middle English Period & The Renaissance Period

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ১ | ৪৩তম | ২ | ৩৭তম | ৩ |
| ৪৮তম | ১ | ৪২তম | ০ | ৩৬তম | ৩ |
| ৪৭তম | ৩ | ৪১তম | ৪ | ৩৫তম | ৩ |
| ৪৬তম | ৩ | ৪০তম | ৫ | ১০ম-৩৪তম | ৫ |
| ৪৫তম | ২ | ৩৯তম | ১ | | |
| ৪৪তম | ৪ | ৩৮তম | ৫ | | |

১. **The play "Englishmen for My Money" was written by —** *[৪৯তম বিসিএস]*
ⓚ Christopher Marlowe
ⓛ Thomas Kyd
ⓜ William Haughton
ⓝ Ben Johnson **উ.** গ

**ব্যাখ্যা :** 'Englishmen for My Money' or 'A Woman Will Have Her Will' এলিজাবেথীয় যুগের একটি কমেডি নাটক, যা ১৫৯৮ সালে William Haughton রচনা করেছিলেন। সাহিত্য সমালোচকরা প্রায়শই এটিকে 'The First City Comedy' বলে অভিহিত করে থাকেন। এই নাটকটি একটি dramatic subgenre-এর সূচনা করেছিল, যা পরবর্তীতে Thomas Dekker, Thomas Middleton, Ben Jonson সহ অন্যান্যরা পরবর্তী দশকে আরও প্রসারিত ও উন্নত করেছিলেন।

এক ধনী বিধবা মিসেস ফ্লাওয়ারডেলকে নিয়ে গল্পটি আবর্তিত হয়, যার প্রতি তিনজন পুরুষ– স্যার লিওনেল ফ্রিভিল, স্যার থমাস লং এবং মাস্টার গ্যালিয়ার্ড– আকৃষ্ট হয়। প্রতিটি পুরুষ তার ভালবাসা ও ভাগ্য জয়ের চেষ্টা করে, কিন্তু মিসেস ফ্লাওয়ারডেল তার নিজের পথ নির্ধারণ করতে দৃঢ় প্রতিজ্ঞ থাকে এবং সে এমন ব্যক্তিকে বেছে নেয় যে তার ইচ্ছা পূরণ করতে পারে। নাটকটি সেই সময়ের সামাজিক রীতিনীতি এবং নারী-পুরুষের মধ্যে ক্ষমতার গতিশীলতার উপর একটি বুদ্ধিদীপ্ত এবং বিনোদনমূলক দৃষ্টিপাত। উইলিয়াম হটনের লেখনী ধারালো ও হাস্যরসাত্মক এবং চরিত্রগুলো সুসংহত ও স্মরণীয়।

**William Haughton (১৫৭৫-১৬০৫) :** William Haughton ছিলেন এলিজাবেথীয় যুগের একজন ইংরেজ নাট্যকার। তিনি ১৫৯৭ থেকে ১৬০৫ সাল পর্যন্ত সক্রিয় ছিলেন এবং প্রখ্যাত 'Admiral's Men' নাট্য কোম্পানির জন্য নাটক লিখতেন। তিনি Henry Chettle, Thomas Dekker, John Day এবং Richard Hathway-এর সাথে যৌথভাবে অনেক নাটক রচনা করেছেন। তাঁর সবচেয়ে বিখ্যাত নাটক হলো 'Englishmen For My Money'। এই নাটকটিকেই ইংরেজি ভাষার প্রথম প্রহসনভিত্তিক শহুরে কমেডি (City Comedy) হিসেবে ধরা হয়।

**তাঁর অন্যান্য সাহিত্যকর্মসমূহ-**
- The Devil and His Dame
- The English Moor ইত্যাদি।

অপরদিকে, Christopher Marlowe, Thomas Kyd, Ben Johnson ও তাঁদের সাহিত্যকর্ম সম্পর্কে পরবর্তীতে আলোচনা করা হয়েছে।

***Source:*** *Britannica and Goodreads.com*

২. **Doctor Faustus is —** *[৪৮তম বিসিএস]*
ⓚ a comedy ⓛ a tragedy
ⓜ a historical novel ⓝ an absurd play **উ.** খ

**ব্যাখ্যা :** 'Doctor Faustus' Christopher Marlowe-এর লেখা একটি বিখ্যাত ট্র্যাজেডি (tragedy) নাটক। নাটকটির পুরো নাম 'The Tragical History of D. Faustus'। ১৬০৪ সালে প্রকাশিত হওয়া নাটকটি ৫ অঙ্ক বিশিষ্ট।

নাটকটিতে Faustus নামে একজন উচ্চাকাঙ্ক্ষী বিজ্ঞানী শয়তান Mephistopheles-এর মাধ্যমে Lucifer-এর কাছে আত্মা বিক্রির বিনিময়ে অলৌকিক ক্ষমতা অর্জন করে। Faustus তাঁর আত্মা শয়তানকে বিক্রি করে এবং ২৪ বছর পর্যন্ত অসীম ক্ষমতা লাভ করতে চায়। এই সময়ের মধ্যে Faustus বিভিন্ন ধরনের অলৌকিক ক্ষমতা ব্যবহার করে, তবে তাঁর ভিতরে গভীর অনুশোচনা ও দ্বিধা থাকে। যদিও তাঁর কাছে বিভিন্ন সুযোগ আসে পরিত্রাণ লাভের, তবে সে কখনোই নিজেকে ত্যাগ করতে রাজি হয় না এবং শেষ পর্যন্ত তাঁর আত্মাকে শয়তানের হাতে সমর্পণ করে। নাটকের শেষে Faustus-কে নরককুণ্ডে টেনে নেওয়া হয়, যেখানে সে চিরকাল শাস্তি ভোগ করে।

BCS Job Solution

# বাংলাদেশ বিষয়াবলি
# Bangladesh Affairs

## বাংলাদেশের জাতীয় বিষয়াবলি

### প্রাচীন কাল (ইতিহাস, জনপদ ও বিভিন্ন রাজবংশ)

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ৩ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ১ | ৪২তম | ১ | ৩৬তম | ৩ |
| ৪৭তম | ০ | ৪১তম | ৪ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ২ | ৪০তম | ১ | ১০ম-৩৪তম | ১৮ |
| ৪৫তম | ০ | ৩৯তম | ০ | | |
| ৪৪তম | ৩ | ৩৮তম | ১ | | |

**১. বাংলাদেশের প্রাচীনতম জনপদ কোনটি?** *[৪৮তম/২৪তম বিসিএস বাতিল]*

ক মহাস্থানগড় খ পাহাড়পুর
গ ময়নামতি ঘ উয়ারীবটেশ্বর **উ.** ক

**ব্যাখ্যা :** বাংলাদেশের প্রাচীনতম জনপদ হলো পুণ্ড্র এবং এর রাজধানী ছিল মহাস্থানগড়।

**পুণ্ড্র জনপদ :** পুণ্ড্র ছিল পূর্বাঞ্চলের জনপদসমূহের মধ্যে খুব সম্ভবত প্রাচীনতম। খ্রিষ্টপূর্ব দ্বিতীয় শতকের (আনুমানিক) মহাস্থান ব্রাহ্মী লিপিতে উল্লিখিত পুদনগল (পুণ্ড্র নগর) এবং বগুড়া যে অভিন্ন তা একাধিক উৎস থেকে প্রমাণ করা যায়। প্রাচীন এই জনপদের সীমানা চিহ্নিত করে ড. নীহাররঞ্জন রায় লিখেছেন, *"পুণ্ড্রবর্ধনের কেন্দ্র বা হৃদয়স্থানের একটি নতুন নাম পাইতেছি দশম শতক হইতে; এ নাম বরেন্দ্র অথবা বরেন্দ্রী।"* অর্থাৎ এই প্রাচীন জনপদটি ইতিহাসের বিভিন্ন পর্যায়ে দুটো ভিন্ন নামে পরিচিতি লাভ করেছিল। কতিপয় লিপি প্রমাণে এ কথা বলা যায় যে, বরেন্দ্র পুণ্ড্রবর্ধনেরই অংশবিশেষ। মধ্যযুগের মুসলিম ঐতিহাসিকরা বরেন্দ্রিকে বলতেন বরীন্দ্র।

বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলার অবস্থানভূমিকে কেন্দ্র করে গড়ে উঠে পুণ্ড্র জনপদ। প্রাচীন পুণ্ড্র রাজ্যের রাজধানী ছিল পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর। এর বর্তমান নাম মহাস্থানগড়। বর্তমান বগুড়া শহরের অদূরে করতোয়া নদীর তীরে পুন্দ্রনগর অবস্থিত। সম্ভবত মৌর্য সম্রাট অশোকের রাজত্বকালে (খ্রি.পূ. ২৭৩-২৩২ অব্দ) প্রাচীন পুণ্ড্র রাজ্য স্বাধীনসত্তা হারায়। গুপ্ত যুগে (৪র্থ- ৬ষ্ঠ শতকে) পুণ্ড্র নগর ছিল গুপ্তদের প্রাদেশিক রাজধানী। প্রাচীন সভ্যতার নিদর্শনের দিক দিয়ে পুণ্ড্রই ছিল বাংলাদেশের সবচেয়ে সমৃদ্ধ রাজ্য।

**মহাস্থানগড় :** মহাস্থানগড় বাংলাদেশের একটি অন্যতম প্রাচীন পুরাকীর্তি। এখানে মৌর্য, গুপ্ত, পাল, সেন সাম্রাজ্যের প্রচুর নিদর্শন পাওয়া গিয়েছে। সেন বংশের শেষ রাজা লক্ষ্মণ সেন (১০৮২-১১২৫) যখন গৌড়ের রাজা ছিলেন তখন এই গড় অরক্ষিত ছিল। ১৮৭৯ সালে প্রাচীন পুণ্ড্রবর্ধন রাজ্যের ঐতিহাসিক নিদর্শন আবিষ্কার করেন ব্রিটিশ প্রত্নতত্ত্ববিদ আলেকজান্ডার কানিংহ্যাম। এটি বাংলাদেশের সবচেয়ে পুরাতন ঐতিহাসিক স্থান। ২০১৬ সালে এটিকে সার্কের সাংস্কৃতিক রাজধানী হিসেবে ঘোষণা করা হয়।

**অন্যান্য অপশনগুলো হলো–**

➲ **পাহাড়পুর বিহার :** পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধ বিহার। পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপালদেব অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে এই বিহার তৈরি করেছিলেন।

➲ **ময়নামতি :** ময়নামতি বাংলাদেশের কুমিল্লায় অবস্থিত একটি ঐতিহাসিক স্থান। সপ্তম শতাব্দীর শেষ থেকে অষ্টম শতাব্দীর প্রথম ভাগে দেববংশের চতুর্থ রাজা শ্রীভবদেব এ বৌদ্ধ বিহারটি নির্মাণ করেন।

BCS Job Solution

# আন্তর্জাতিক বিষয়াবলি
# International Affairs

## বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি

### বৈশ্বিক ইতিহাস (সভ্যতা, প্রাচীন ও মধ্যযুগ ইত্যাদি)

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ২ | ৪১তম | ১ | ৩৫তম | ০ |
| ৪৬তম | ১ | ৪০তম | ০ | ১০ম-৩৪তম | ২ |
| ৪৫তম | ১ | ৩৯তম | ৩ | | |
| ৪৪তম | ১ | ৩৮তম | ০ | | |

১. **নিচের কোন সভ্যতার সময়কালে ওজন পরিমাপ ও দৈর্ঘ্য মাপার পদ্ধতি আবিষ্কার হয়েছিল?** *[৪৭তম বিসিএস]*

ⓚ সিন্ধু সভ্যতা ⓛ মিশরীয় সভ্যতা
ⓜ গ্রিক সভ্যতা ⓝ অ্যাসেবীয় সভ্যতা **উ.** ক

**ব্যাখ্যা :** সিন্ধু সভ্যতার সময়কালে ওজন পরিমাপ ও দৈর্ঘ্য মাপার পদ্ধতি আবিষ্কার হয়েছিল।

**সিন্ধু সভ্যতার পরিমাপ পদ্ধতি :** সিন্ধু নদের অববাহিকা অঞ্চলে গড়ে উঠেছিল বলে এই সভ্যতার নাম সিন্ধু সভ্যতা। সিন্ধু সভ্যতার অধিবাসীরা দ্রব্যের ওজন ও পরিমাপ পদ্ধতির উদ্ভাবক ছিল। তাদের এই পরিমাপ পদ্ধতির আবিষ্কার সভ্যতার জন্য গুরুত্বপূর্ণ অবদান বলে বিবেচিত। তারা বিভিন্ন দ্রব্য ওজনের জন্য নানা মাপের ভিন্ন ভিন্ন আকৃতির বাটখারা ব্যবহার করত। দাগ কাটা স্কেল দিয়ে দৈর্ঘ্য মাপার পদ্ধতিও তাদের জানা ছিল। মহেঞ্জোদারো নগরের অর্থনৈতিক অবস্থা এবং বাণিজ্যের অবস্থা যে ভাল ছিল তা এই সভ্যতায় পাওয়া নিদর্শন থেকে জানা যায়। ওজনের জন্য নগরবাসীরা বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করতো। ছোট বাটখারাগুলোর আকৃতি ছিল চারকোণা। আর বড়গুলো ছিল গোলাকার। কোন কোনটি ছিল কিছুটা কৌণিক। সাধারণত পাথর দিয়ে বাটখারা তৈরি করা হতো। বাটখারাগুলোর ওজন সমান থাকায় ধারণা করা হয় ওজনের ব্যাপারে সিন্ধু সভ্যতার লোকেরা সতর্ক ছিল। বড় বড় এবং ভারি জিনিস ওজন করার জন্য মহেঞ্জোদারোর নগরবাসীরা ব্রোঞ্জের স্কেল ব্যবহার করতো। ভারি বস্তু ওজন করার জন্য কাঠখণ্ড ব্যবহার করা হতো। কাঠখন্ডের এক প্রান্তে দ্রব্য বেঁধে ওজন করা হতো। কোন জিনিসের দৈর্ঘ্য মাপার জন্য মহেঞ্জোদারোর মানুষেরা স্কেল ব্যবহার করত। তাদের স্কেলের দৈর্ঘ্য ছিল ২০.৬২ ইঞ্চির সমান। পরিমাপদন্ডে নির্দিষ্ট ঘর কাটা হতো।

**সিন্ধু সভ্যতা :** পাকিস্তানের সিন্ধু প্রদেশের মহেঞ্জোদারোতে এবং পাঞ্জাবের হরপ্পায় এই সভ্যতা আবিষ্কৃত হয়। সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময়ে হরপ্পা সংস্কৃতি বা হরপ্পা সভ্যতা বলা হয়ে থাকে। সিন্ধু সভ্যতার প্রকৃত নির্মাতা হচ্ছে দ্রাবিড়রা। এই সভ্যতার অধিবাসীরা ছিল দ্রাবিড়, অস্ট্রোলয়েড, ভূ-মধ্যসাগরীয় মঙ্গোলীয় এবং আলপানীয় গোত্রভুক্ত। এ কারণেই সিন্ধু সভ্যতার সংস্কৃতি দ্রাবিড়ীয় সংস্কৃতি নামে পরিচিত। প্রত্নতাত্ত্বিকগণ মোটামুটি নিশ্চিত হয়েছেন ২৭৫০ খ্রিস্টপূর্বাব্দে প্রলয়ঙ্করী বন্যা হয়েছিল। হরপ্পা ও মহেঞ্জোদারো প্লাবিত হয় এই বন্যায়। হরপ্পা ও মহেঞ্জোদারো শহর এভাবে ধ্বংস হয়ে যায়। বলা হয়ে থাকে, ক্রমাগত বন্যায় শহর দু'টি ধীরে ধীরে মাটির নীচে চাপা পড়েছে।

*উৎস: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (এসএসসি প্রোগ্রাম), ইতিহাস ১ম পত্র (এইচএসসি প্রোগ্রাম)-বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ব্রিটেনিকা।*

BCS Job Solution

# ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা
# (Geography, Environment & Disaster Management)

## বাংলাদেশ ও বৈশ্বিক ভৌগোলিক অঞ্চল, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনীতির গুরুত্ব

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৪তম | ১ | ৩৯তম | ০ |
| ৪৮তম | ০ | ৪৩তম | ৪ | ৩৮তম | ১ |
| ৪৭তম | ৩ | ৪২তম | ১ | ৩৭তম | ২ |
| ৪৬তম | ১ | ৪১তম | ২ | ৩৬তম | ৩ |
| ৪৫তম | ৩ | ৪০তম | ১ | ৩৫তম | ২ |

**১. বাংলাদেশের দীর্ঘতম স্থলসীমান্ত ভারতের কোন রাজ্যের সাথে?** *[৪৭তম বিসিএস]*

ⓚ মেঘালয় ⓛ আসাম ⓖ পশ্চিমবঙ্গ ⓘ ত্রিপুরা **উ.** গ

**ব্যাখ্যা :** ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের সাথে বাংলাদেশের দীর্ঘতম স্থলসীমান্ত রয়েছে। ভারতের মোট ২৮টি রাজ্যের মধ্যে পাঁচটি রাজ্যের সাথে বাংলাদেশের স্থলসীমান্ত রয়েছে, যথা: পশ্চিমবঙ্গ, আসাম, মেঘালয়, ত্রিপুরা ও মিজোরাম। বাংলাদেশের মোট ৬৪টি জেলার মধ্যে ৩০টি জেলা ভারতের সীমান্তবর্তী। বাংলাদেশের সাথে ভারতের সর্বমোট স্থলসীমানা ৪১৫৬ কিলোমিটার, যা বিশ্বের মধ্যে পঞ্চম দীর্ঘতম স্থলসীমান্ত। বাংলাদেশের সাথে ভারতের পশ্চিমবঙ্গের প্রায় ২,২৬২ কিলোমিটার, মেঘালয়ের ৪৩৬ কিলোমিটার, আসামের ২৬৪ কিলোমিটার, ত্রিপুরার ৮৭৪ কিলোমিটার এবং মিজোরামের ৩১৮ কিলোমিটার দীর্ঘ স্থলসীমান্ত রয়েছে। অর্থাৎ, বাংলাদেশের সাথে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের স্থলসীমান্ত সবচেয়ে দীর্ঘ। এই সীমান্ত বাংলাদেশের পশ্চিম, উত্তর-পশ্চিম এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মোট ১৬টি জেলার সাথে সংযুক্ত; যেমন– রাজশাহী, কুষ্টিয়া, যশোর, সাতক্ষীরা, এবং দিনাজপুর। অন্যদিকে, সবচেয়ে ছোট স্থলসীমান্ত রয়েছে আসামের সাথে যা বাংলাদেশের ৩টি জেলা– কুড়িগ্রাম, সিলেট ও মৌলভীবাজারের সাথে সংযুক্ত। উল্লেখ্য, ভারতের সেভেন সিস্টার্স রাজ্যগুলো হচ্ছে– আসাম, অরুণাচল, মেঘালয়, ত্রিপুরা, মণিপুর, মিজোরাম ও নাগাল্যান্ড এবং বাংলাদেশের সীমান্ত সংলগ্ন সেভেন সিস্টার্সের রাজ্য ৪টি। রাঙামাটি জেলা ভারতের ত্রিপুরা ও মিজোরাম এবং মিয়ানমারের চিন রাজ্যের সীমান্তবর্তী।

*উৎস: বাংলাদেশ বর্ডার গার্ড।*

**২. ভূতাত্ত্বিক গঠন অনুযায়ী বাংলাদেশের কোন অঞ্চলে সবচেয়ে পুরাতন শিলা গঠন পাওয়া যায়?** *[৪৭তম বিসিএস]*

ⓚ সিলেট ⓛ দিনাজপুর
ⓖ পার্বত্য চট্টগ্রাম ⓘ মধ্যভাগের উচ্চভূমি **উ.** খ

**ব্যাখ্যা :** ভূতাত্ত্বিক গঠন অনুযায়ী বাংলাদেশের দিনাজপুর অঞ্চলে সবচেয়ে পুরাতন শিলা গঠন পাওয়া যায়।

**বাংলাদেশ ভূ-গাঠনিক ইউনিট দুটি প্রধান ভাগে বিভক্ত; যথা–**

(ক) উত্তর পশ্চিমের সুস্থিত প্রাক-ক্যামব্রীয় প্ল্যাটফর্ম বা অববাহিকা ও (খ) দক্ষিণ-পূর্বের মহীখাতীয় অববাহিকা। হিঞ্জ অঞ্চল (Hinge zone) নামক একটি সংকীর্ণ উত্তর-পূর্ব ও দক্ষিণ-পশ্চিম প্রবণ অঞ্চল নিয়ে গঠিত একটি তৃতীয় ইউনিট দেশের প্রায় মাঝ বরাবর উপরোক্ত দুটি ইউনিটকে বিভক্ত করে রেখেছে।

**(ক) উত্তর পশ্চিমের সুস্থিত প্রাক-ক্যামব্রীয় প্ল্যাটফর্ম বা অববাহিকা :** সুস্থিত প্রাক-ক্যামব্রীয় প্ল্যাটফর্ম রাজশাহী, বগুড়া, রংপুর ও দিনাজপুর অঞ্চল নিয়ে গঠিত। এতে আগ্নেয় ও রূপান্তরিত ভিত্তিশিলার উপর কম থেকে মাঝারি পুরুত্বের পাললিক শিলার আস্তরণ থাকে। আপেক্ষিক অর্থে এই ইউনিট ভূতাত্ত্বিকভাবে সুস্থিত এবং টেকটোনিক প্লেটের চলাচল তথা ভঙ্গিল বিচলনের (Fold movement) কারণে ক্ষতিগ্রস্ত হয় নি। কিছু চ্যুতিবেষ্টিত গ্রস্ত-অববাহিকা তথা নিম্নভূমি প্রাক-ক্যামব্রীয় অঞ্চলে দেখতে পাওয়া যায়। এই সব অববাহিকা পার্মিয় যুগের (আজ থেকে ২৮৬-২৪৫ মিলিয়ন বছর আগে) কয়লাবাহী শিলার ইউনিট ধারণ করে। বাংলাদেশে প্রাপ্ত এটিই সর্বাধিক প্রাচীন পাললিক শিলা।

BCS Job Solution

# সাধারণ বিজ্ঞান
# General Science

# ভৌত বিজ্ঞান

## পদার্থবিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ

### ভৌত রাশি, পরিমাপ ও পদার্থ বিজ্ঞানের উন্নয়ন

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ০ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ০ | ৪১তম | ১ | ৩৫তম | ০ |
| ৪৬তম | ০ | ৪০তম | ১ | ১০ম-৩৪তম | ৯ |
| ৪৫তম | ১ | ৩৯তম | ০ | | |
| ৪৪তম | ০ | ৩৮তম | ০ | | |

**১. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম কী?** *[৪৫তম বিসিএস/ ২৩তম বিসিএস/২২তম বিসিএস]*

ⓚ ট্যাকোমিটার ⓖ অ্যালটিমিটার
ⓖ ওডোমিটার ⓘ অডিওমিটার **উ.** ক

**ব্যাখ্যা :** উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম হলো ট্যাকোমিটার।

অন্যদিকে,

➲ **অ্যালটিমিটার :** উচ্চতা নির্ণায়ক যন্ত্র

➲ **ওডোমিটার :** মোটর গাড়ি কর্তৃক অতিক্রান্ত দূরত্ব পরমাপক যন্ত্র।

➲ **অডিওমিটার :** শব্দের তীব্রতা পরিমাপক যন্ত্র।

**নিম্নে কয়েকটি পরিমাপক যন্ত্র ও তাদের কাজের বিবরণের ছক দেওয়া হলো–**

| যন্ত্রের নাম | ব্যবহার |
|---|---|
| অ্যানিমোমিটার | বাতাসের গতিবেগ পরিমাপক যন্ত্র |
| স্পিডোমিটার | মোটরগাড়ির দ্রুতি নির্ণায়ক যন্ত্র |
| ফ্যাদোমিটার | সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র |

| যন্ত্রের নাম | ব্যবহার |
|---|---|
| হাইড্রোফোন | পানির তলায় শব্দ নির্ণায়ক যন্ত্র |
| হাইড্রোমিটার | তরলের আপেক্ষিক গুরুত্ব বা ঘনত্ব নির্ণায়ক যন্ত্র |
| ল্যাক্টোমিটার | দুধের বিশুদ্ধতা নির্ণায়ক যন্ত্র |
| ক্যালরিমিটার | তাপ পরিমাপক যন্ত্র |
| থার্মোমিটার | উষ্ণতা/তাপমাত্রা পরিমাপক যন্ত্র |
| মাইক্রোমিটার (স্ক্রু গজ) | তারের ব্যাসার্ধ, সরু চোঙ এর ব্যাসার্ধ ও ছোট দৈর্ঘ্য পরিমাপক যন্ত্র |
| ব্যারোমিটার | বায়ুমণ্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র |
| ম্যানোমিটার | গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র |
| ক্রোনোমিটার | সমুদ্রের দ্রাঘিমা পরিমাপক যন্ত্র |
| ক্রেসকোগ্রাফ | উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র |
| সেক্সট্যান্ট | সূর্য ও অন্যান্য গ্রহের কৌণিক উন্নতি পরিমাপক যন্ত্র |
| সিসমোগ্রাফ | ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র |
| রিখটার স্কেল | ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র |

BCS Job Solution

# কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি
(Computer & Information Technology)

# কম্পিউটার (Computer)

## কম্পিউটারের অঙ্গসংগঠন ও পেরিফেরালস

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ৩ | ৩৭তম | ২ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ৬ |
| ৪৭তম | ৪ | ৪১তম | ০ | ৩৫তম | ৫ |
| ৪৬তম | ২ | ৪০তম | ৩ | ১০ম-৩৪তম | ১ |
| ৪৫তম | ৩ | ৩৯তম | ০ | | |
| ৪৪তম | ২ | ৩৮তম | ২ | | |

**১. LLM চালানোর জন্য নিম্নোক্ত কম্পিউটারের কোন যন্ত্রাংশ সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ?** *[৪৭তম বিসিএস]*

ⓚ RAM ⓛ Processor
ⓜ Graphics Card ⓝ Storage Device **উ.** গ

**ব্যাখ্যা :** LLM বা Large Language Model চালানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ হলো Graphics Card (GPU)। কারণ LLM-এর প্রশিক্ষণ ও ব্যবহার উভয় ক্ষেত্রেই বিপুল পরিমাণ ম্যাট্রিক্স গণনা ও প্যারালাল প্রসেসিং প্রয়োজন হয়, যা সাধারণ Processor (CPU) দিয়ে ধীরগতিতে সম্পন্ন হয়। শক্তিশালী GPU একসঙ্গে লক্ষাধিক অপারেশন দ্রুত সম্পাদন করতে সক্ষম, ফলে মডেল কার্যকরভাবে চালানো যায়। RAM, Storage Device এবং Processor অবশ্যই সহায়ক ভূমিকা রাখে। RAM ডেটা সাময়িকভাবে সংরক্ষণ করে ও GPU/CPU তে সরবরাহ করে; Processor (CPU) সাধারণ কাজ, সিস্টেম কন্ট্রোল ও ডেটা হ্যান্ডলিং-এ সহায়তা করে; Storage Device ডেটাসেট, মডেল ফাইল ও চেকপয়েন্ট সংরক্ষণে ব্যবহৃত হয়। তবে মূলত GPU-এর ক্ষমতাই নির্ধারণ করে মডেল কতটা দক্ষতার সঙ্গে কাজ করবে। তাই LLM চালানোর ক্ষেত্রে Graphics Card-ই সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান।

*উৎস: ASUS এবং geeksforgeeks ওয়েবসাইট*

**২. কোন CPU আর্কিটেকচার স্মার্টফোনে বেশি ব্যবহৃত হয়?** *[৪৭তম বিসিএস]*

ⓚ X86 ⓛ X64
ⓜ Qualcomm ⓝ RISC **উ.** ঘ

**ব্যাখ্যা :** স্মার্টফোনে সবচেয়ে বেশি ব্যবহৃত CPU আর্কিটেকচার RISC (Reduced Instruction Set Computing)। আধুনিক স্মার্টফোনসমূহে বিশেষত ARM (Advanced RISC Machine) আর্কিটেকচারের উপর ভিত্তি করে তৈরি করা RISC প্রসেসর ব্যবহার হয়ে থাকে। RISC আর্কিটেকচারে ইনস্ট্রাকশন সেট ছোট এবং সিম্পল হয়। এতে প্রত্যেক ইনস্ট্রাকশন একটি সিঙ্গেল অপারেশন করে এবং দ্রুত (সাধারণত এক ক্লক সাইকেলে) এক্সিকিউট হয়। এর লক্ষ্য গতি বাড়ানো এবং পাইপলাইনিং সহজ করা, কিন্তু এটির প্রোগ্রামে বেশি ইনস্ট্রাকশন লাগে। উদাহরণ : ARM, MIPS, PowerPC, RISC-V, SPARC ইত্যাদি। এগুলো স্মার্টওয়াচ, মোবাইল ডিভাইস, ট্যাবলেট, এমবেডেড সিস্টেম এবং IoT ডিভাইসে ব্যবহৃত হয়। স্মার্টফোনে ব্যবহৃত CPU আর্কিটেকচারের মধ্যে ARM আর্কিটেকচার সবচেয়ে প্রচলিত এবং প্রায় সব স্মার্টফোনেই এটি ব্যবহার করা হয়। ARM প্রসেসরগুলো কম পাওয়ারে কাজ করে এবং চিপসেট ছোট আকারের হওয়ায় স্মার্টফোনের

BCS Job Solution

# গাণিতিক যুক্তি
# Mathematical Reasoning

## পাটিগণিত

### বাস্তব সংখ্যা, গড়, ভগ্নাংশ, ল.সা.গু. ও গ.সা.গু.

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ১ | ৪২তম | ০ | ৩৬তম | ১ |
| ৪৭তম | ১ | ৪১তম | ১ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ২ | ৪০তম | ৩ | ১০ম-৩৪তম | ৫৪ |
| ৪৫তম | ০ | ৩৯তম | ২ | | |
| ৪৪তম | ০ | ৩৮তম | ০ | | |

১. $\sqrt{\frac{9}{4}}$ **সংখ্যাটি–** *[৪৮তম বিসিএস]*

ⓚ স্বাভাবিক সংখ্যা ⓛ মূলদ সংখ্যা
ⓜ অমূলদ সংখ্যা ⓝ জটিল সংখ্যা **উ.** খ

**সমাধান : স্বাভাবিক সংখ্যা :** ১ থেকে শুরু করে সকল ধনাত্মক পূর্ণ সংখ্যাকে স্বাভাবিক সংখ্যা বলে। যেমন: ১, ২, ৩, ... ইত্যাদি।

**মূলদ সংখ্যা :** যে সকল সংখ্যাকে দুইটি অখণ্ড সংখ্যা p ও q এর অনুপাত $\frac{p}{q}$ রূপে প্রকাশ করা যায় সেগুলোকে মূলদ সংখ্যা বলে। শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ভগ্নাংশ, অপ্রকৃত ভগ্নাংশ অর্থাৎ সাধারণ ভগ্নাংশ সবই মূলদ সংখ্যা। যেমন: $\frac{3}{2}$, $\frac{3}{4}$, 1.3333... ইত্যাদি।

**অমূলদ সংখ্যা :** যে সকল সংখ্যাকে $\frac{p}{q}$ আকারে প্রকাশ করা যায় না অর্থাৎ সাধারণ ভগ্নাংশ আকারে লেখা যায় না এবং পূর্ণবর্গ নয় এমন সকল স্বাভাবিক সংখ্যার বর্গমূলকে অমূলদ সংখ্যা বলে। যেমন: $\sqrt{2}, \sqrt{3}, \pi$ ... ইত্যাদি।

**জটিল সংখ্যা :** জটিল সংখ্যা হলো সেই সংখ্যা যেখানে একটি বাস্তব অংশ এবং একটি কাল্পনিক অংশ থাকে। যেমন: 2 + 3i।

এখন, $\sqrt{\frac{9}{4}} = \frac{\sqrt{9}}{\sqrt{4}} = \frac{3}{2}$ = 1.5 যা একটি মূলদ সংখ্যা। কারণ সখ্যাটিকে দুইটি অখণ্ড সংখ্যা 3 ও 2 এর অনুপাত রূপে প্রকাশ করা যায়।

২. **$0.\dot{6}$ কে $0.\dot{9}$ দ্বারা ভাগ করলে, নিচের কোনটি সঠিক?** *[৪৭তম বিসিএস]*

ⓚ $0.\dot{6}$ ⓛ $0.\dot{9}$
ⓜ $0.\dot{2}\dot{3}$ ⓝ $0.\dot{3}$ **উ.** ক

**সমাধান :** দেওয়া আছে, $0.\dot{6} = \frac{6}{9}$ এবং $0.\dot{9} = \frac{9}{9} = 1$

সুতরাং $0.\dot{6}$ কে $0.\dot{9}$ দ্বারা ভাগ করে,

$0.\dot{6}/0.\dot{9} = 0.\dot{6}/1 = 0.\dot{6}$

৩. **নিচের কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ হতে বড়?** *[৪৬তম বিসিএস/১৮তম বিসিএস]*

ⓚ $\frac{৩৩}{৫০}$ ⓛ $\frac{৮}{১১}$
ⓜ $\frac{৩}{৫}$ ⓝ $\frac{১৩}{২৭}$ **উ.** খ

BCS Job Solution

# মানসিক দক্ষতা

## Mental Ability

## ভাষাগত যৌক্তিক বিচার (Verbal Reasoning)

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৩তম | ৭ | ৩৭তম | ৩ |
| ৪৮তম | ১ | ৪২তম | ৩ | ৩৬তম | ০ |
| ৪৭তম | 8 | ৪১তম | ৩ | ৩৫তম | ৩ |
| ৪৬তম | ৩ | ৪০তম | ১ | ১০ম-৩৪তম | ৩ |
| ৪৫তম | ২ | ৩৯তম | ১ | | |
| ৪৪তম | 8 | ৩৮তম | ২ | | |

**১. যদি P = 16 এবং TAP = 37 হয় তবে CUP = কত?** *[৪৮তম বিসিএস]*

ⓚ 40 ⓛ 38 ⓜ 36 ⓝ 39 **উ.** ক

**ব্যাখ্যা :** এখানে, P ও TAP এর মান ইংরেজি বর্ণগুলোর অবস্থানগত সাংখ্যিক মান নেয়া হয়েছে। ইংরেজী বর্ণমালা ক্রমিক নাম্বার অনুযায়ী সাজালে পাওয়া যায়:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| A | B | C | D | E | F |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| G | H | I | J | K | L |
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| M | N | O | P | Q | R |
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| S | T | U | V | W | X |
| ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| Y | Z | | | | |
| ২৫ | ২৬ | | | | |

দেওয়া আছে, P = 16

এবং TAP = 37

ইংরেজি বর্ণমালার ক্রমিক নাম্বার হতে পাই,

T + A + P = 20 + 1 + 16 = 37

সেই অনুসারে, CUP = C + U + P = 3 + 21 + 16 = 40

অর্থাৎ, CUP এর মান 40.

**২. Seed : Sapling : : Egg : ?** *[৪৭তম বিসিএস]*

ⓚ Omlette ⓛ Chicken ⓜ Yolk ⓝ Chick **উ.** ঘ

**ব্যাখ্যা :** Seed (বীজ) থেকে যেমন Sapling (চারা) গাছ হয়, তেমনি, Egg (ডিম) থেকে Chick (বাচ্চা) হয়।

**অন্য অপশনগুলো:**

➲ Omlette - প্রস্তুত খাবার, সম্পর্ক নেই

➲ Chicken - পরিপূর্ণ মুরগি,

কিন্তু Egg-এর সরাসরি উৎপাদিত নয়

Yolk - শুধু ডিমের অংশ, সম্পর্ক ঠিক নয়

সুতরাং, Seed : Sapling :: Egg : Chick

**৩. যদি MENPO অর্থ 'Lemon' হয়, তবে NBOHP অর্থ কী?** *[৪৭তম বিসিএস]*

ⓚ Mango ⓛ Table ⓜ Light ⓝ Shirt **উ.** ক

**ব্যাখ্যা :** MFNPO অর্থ 'Lemon'। এখানে, প্রতিটি বর্ণ তার পূর্বের বর্ণ দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।

| M | F | N | P | O |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| L | e | m | o | n |

একইভাবে,

| N | B | O | H | P |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| M | a | n | g | o |

সুতরাং, 'NBOHP' এর অর্থ 'Mango'

BCS Job Solution

# নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন
(Ethics, Values & Good Governance)

## নৈতিকতা

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৪৯তম | ০ | ৪৪তম | ৩ | ৩৯তম | ০ |
| ৪৮তম | ০ | ৪৩তম | ৪ | ৩৮তম | ১ |
| ৪৭তম | ৩ | ৪২তম | ০ | ৩৭তম | ২ |
| ৪৬তম | ২ | ৪১তম | ৩ | ৩৬তম | ৩ |
| ৪৫তম | ২ | ৪০তম | ১ | ৩৫তম | ২ |

**১. নিচের কোনটি পেশাগত নৈতিকতার উপাদান?** *[৪৭তম বিসিএস]*

ⓚ স্বজনপ্রীতি ⓛ সাম্প্রদায়িকতা
ⓜ দরিদ্রতা ⓝ দক্ষতা **উ. ঘ**

**ব্যাখ্যা :** পেশাগত নৈতিকতার উপাদান দক্ষতা। স্বজনপ্রীতি, সাম্প্রদায়িকতা, দরিদ্রতা পেশাগত নৈতিকতার উপাদান নয়। পেশাগত নৈতিকতার উপাদানগুলোর মধ্যে সততা, স্বচ্ছতা, দায়বদ্ধতা, পেশাগত চেতনা, এবং দায়িত্বশীলতা অন্যতম, যা পেশাগত জ্ঞান ও দক্ষতার সঠিক ব্যবহার নিশ্চিত করে এবং জনসাধারণের আস্থা ও সেবার মান উন্নত করে।

**পেশাগত নৈতিকতার গুরুত্বপূর্ণ উপাদানসমূহ:**

- **সততা ও স্বচ্ছতা (Integrity and Transparency):** পেশাদার কাজে সততা ও স্বচ্ছতা বজায় রাখা পেশাগত নৈতিকতার একটি মৌলিক দিক।
- **দায়বদ্ধতা (Accountability):** নিজের কাজের জন্য জবাবদিহি করা এবং পেশাগত কর্মের ফলাফল বা প্রভাব সম্পর্কে সচেতন থাকা।
- **পেশাগত চেতনা (Professional Consciousness):** নিজের পেশার প্রতি গভীর সচেতনতা এবং এর মান ও মর্যাদা বজায় রাখার অঙ্গীকার।
- **দায়িত্বশীলতা (Responsibility):** পেশাগত দায়িত্বগুলো সঠিকভাবে পালন করা এবং পেশার প্রচলিত নিয়মকানুন মেনে চলা।
- **দক্ষতা ও জ্ঞান (Expertise and Skill):** পেশাগত ক্ষেত্রে বিশেষজ্ঞ জ্ঞান এবং দক্ষতা প্রয়োগ করা, যা জনসাধারণের জন্য উপকারে আসে।

*উৎস: পৌরনীতি ও সুশাসন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।*

**২. উদ্দেশ্য নৈতিকতার আলোচ্য বিষয় কোনটি?** *[৪৭তম বিসিএস]*

ⓚ উদ্দেশ্য ⓛ ফলাফল
ⓜ প্রক্রিয়া ⓝ উপরের সবগুলো **উ. খ**

**ব্যাখ্যা :** উদ্দেশ্যমুখী (Teleological) নৈতিক মতবাদ হলো একটি নৈতিক দর্শন যা বলে যে একটি কাজের নৈতিকতা তার ফলাফলের উপর নির্ভর করে। অর্থাৎ, যদি একটি কাজের ফলাফল ইতিবাচক হয়, তবে সেটি নৈতিকভাবে সঠিক এবং যদি ফলাফল নেতিবাচক হয়, তবে সেটি নৈতিকভাবে ভুল।

উদ্দেশ্যবাদের অপর নাম পরিণামবাদ (Consequentialism)। এই মতবাদ অনুযায়ী, একটি কাজের উদ্দেশ্য নয়; বরং তার ফলাফলই গুরুত্বপূর্ণ। Teleological শব্দটি Greek শব্দ *Telos* ও *logos* থেকে এসেছে। *Telos* অর্থ 'End' বা 'পরিণাম'; এবং *logos* অর্থ 'Science' বা 'বিজ্ঞান'। সুতরাং এটি এমন একটি নৈতিক তত্ত্ব, যেখানে কর্তব্য বা নৈতিক বাধ্যবাধকতা নির্ধারিত হয় সেই লক্ষ্য বা পরিণতির ফলাফল ভালো বা মন্দ হওয়ার উপর।

*উৎস: ব্রিটানিকা।*

**৩. জনস্বাস্থ্য ও নৈতিকতা নিশ্চিতকরণে রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে-এ বিষয়ে সংবিধানের কোন অনুচ্ছেদে উল্লেখ রয়েছে?** *[৪৭তম বিসিএস]*

ⓚ অনুচ্ছেদ-২১ ⓛ অনুচ্ছেদ-১৮
ⓜ অনুচ্ছেদ-২৮ ⓝ অনুচ্ছেদ-২৬ **উ. খ**

**ব্যাখ্যা :** জনস্বাস্থ্য ও নৈতিকতা নিশ্চিতকরণে রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে-এ বিষয়ে সংবিধানের অনুচ্ছেদ–১৮ তে উল্লেখ রয়েছে। সংবিধানের ২১ অনুচ্ছেদে রয়েছে নাগরিক ও সরকারী কর্মচারীদের কর্তব্য। সংবিধানের ২৬ অনুচ্ছেদে

# ৪৬তম বিসিএস লিখিত প্রশ্ন

## বাংলা

**বিষয় কোড : ০০১**

**নির্ধারিত সময় : ৩ ঘণ্টা; পূর্ণমান : ১০০**

*[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]*

১. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন: ৫ × ৬ = ৩০

(ক) বাংলা শব্দগঠন প্রক্রিয়াসমূহ উদাহরণসহ আলোচনা করুন।

(খ) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়মে বিদেশি শব্দের বানানের ছয়টি সূত্র উদাহরণসহ লিখুন।

(গ) নিচের বাক্যগুলো শুদ্ধরূপে লিখুন:

(i) বিদ্যান ব্যাক্তিদের সৌজন্যতায় সবাই মুগ্ধ হয়।

(ii) তোমার কি হয়েছে, বলবে কি?

(iii) ইহার আবশ্যক নাই।

(iv) তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল।

(v) ঘটনার প্রেক্ষিতে কাজটি করলেও তিনি সম্পূর্ণ নিরপরাধী।

(ঘ) নিচের প্রবাদ প্রবচনের সাহায্যে অর্থপর্ণ বাক্য রচনা করুন:

অসারের তর্জন-গর্জন সার; গরিবের ঘোড়া রোগ;
জুতো সেলাই থেকে চণ্ডী পাঠ; বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া;
হিসেবের গরু বাঘে খায় না।

(ঙ) নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন:

(i) মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে। (যৌগিক)

(ii) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)

(iii) যে রক্ষক, সেই ভক্ষক। (সরল)

(iv) এভাবে সমাজ চলে না। (অস্তিবাচক)

(v) আমি এ ঘরে থাকব। (নেতিবাচক)

২. ভাব সম্প্রসারণ করুন: ২০

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

৩. সারমর্ম লিখুন: ২০

বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি!
দেশে-দেশে কত না নগর রাজধানী-
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু
রয়ে গেল অগোচরে, বিশাল বিশ্বের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতিক্ষুদ্র অরি এক কোণ।
সেই ক্ষোভে পড়ি গ্রন্থ ভ্রমণ বৃত্তান্ত আছে যাহে
অজয় উৎসাহে-
যেথা পাই চিত্রময়ী বর্ণনার বানী
কুড়াহয়া আনি;
জ্ঞানের দীনতা এই আপনার মনে,
পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে।

৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন: ৫ × ৬ = ৩০

(ক) বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করুন।

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে গ্রামীণ জীবনের কী পারচয় পাওয়া যায়?

(গ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা কী!

(ঘ) লোকসাহিত্য কী?

(ঙ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজ সংস্কার আন্দোলন সম্পর্কে ধারণ লিখুন।

## বাংলা

**বিষয় কোড : ০০২**

**নির্ধারিত সময় : ৪ ঘণ্টা; পূর্ণমান : ২০০**

*[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]*

১. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। ৫ × ৬ = ৩০

(ক) বাংলা ভাষায় শব্দ কী কী উপায়ে গঠিত হয়? উদাহরণসহ লিখুন।

(খ) বানান শুদ্ধ করে লিখুন এবং বানান ভুলের কারণ নির্দেশ করুন:

গীতাঞ্জলী, প্রতিযোগীতা, সূচীপত্র, শৃংখলা, পোষ্টমাষ্টার, ঐক্যতান।

(গ) নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন:

(i) তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল।

(ii) শামীমের চিঠি দেখে তিনি অবাক হইলেন।

(iii) ইদানিংকালে সমাজে মাদক ছড়িয়ে পড়েছে।

(iv) এমন লজ্জাস্কর ব্যাপার কখনো দেখি নাই।

(v) সকল সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

(vi) দীর্ঘদিন অসুস্থ থাকার পর ছেলেটি আরোগ্য হয়েছে।

(ঘ) প্রবাদগুলোর নিহিতার্থ লিখুন এবং বাক্যে প্রয়োগ করুন:

(i) এক যাত্রায় পৃথক ফল।

(ii) সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়।

(iii) যে যায় লঙ্কায় সে হয় রাবণ।

(iv) শাক দিয়ে মাছ ঢাকা।

(v) খালি কলসি বাজে বেশি।

(vi) পর্বতের মুষিক প্রসব।

(ঙ) বন্ধনীর নির্দেশ অনুযায়ী বাক্য রূপান্তর করুন:

(i) সকাল থেকে আমি বসে আছি। (প্রশ্নবাচক)

(ii) রাতে আমার ঘুম আসে না। (যৌগিক)

(iii) এখান থেকে চলে যাও। (নেতিবাচক)

(iv) এই মাঠে একসময় আমিও অনুশীলন করতাম। (জটিল)

(v) তাকে ভোলা ঠিক হবে না। (অস্তিবাচক)

(vi) যখনই তুমি এলে, ছেলেটি দৌড় দিল। (সরল)

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

১৭ লাখ+
ব্যবহারকারীর আস্থা!

Live MCQ™ বাংলাদেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির অনলাইন প্ল্যাটফর্ম ও ক্যারিয়ার পরামর্শক। 'সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি'- এই মূলমন্ত্রকে সামনে রেখে ২০১৭ সাল থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে Live MCQ™ বর্তমানে ১৭ লাখের বেশি ব্যবহারকারীর আস্থা।

## চাকরির প্রস্তুতিতে Live MCQ™ কেন প্রয়োজন?

প্রতিযোগিতামূলক Live পরীক্ষার ধারণা নিয়ে যাত্রা শুরু করে Live MCQ™ বর্তমানে দেশের প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির সবচেয়ে বড় অনলাইনভিত্তিক প্ল্যাটফর্ম। Live প্রতিযোগিতামূলক পরীক্ষার পাশাপাশি এখন Live MCQ™ অ্যাপে রয়েছে ক্লাস, স্টাডি ম্যাটেরিয়ালস্, পড়াশোনা সহায়ক অসংখ্য প্রিমিয়াম ফিচার, অথেনটিক রেফারেন্স থেকে ব্যাখ্যাসহ সবচেয়ে বড় প্রশ্ন ব্যাংক, সার্বক্ষণিক মেন্টর সাপোর্ট ইত্যাদি — যা আপনার প্রস্তুতিকে করবে পরিপূর্ণ।

## Live MCQ™ -এর সুবিধা ও বৈশিষ্ট্যসমূহ:

**১. প্রতিযোগিতামূলক Live পরীক্ষা:** বাংলাদেশের প্রায় সকল চাকরির প্রিলিমিনারি পরীক্ষা প্রতিযোগিতামূলক। শুধু একটি নির্দিষ্ট মার্কস পেলেই পাস নয়, বরং কাট মার্ক অর্জন করতে হয়। এই কাট মার্ক অর্জনে পরীক্ষাভেদে প্রথম ৫ % থেকে ১০%-এর মধ্যে থাকতে হবে। আর সেজন্য মূল পরীক্ষার আগে প্রতিযোগিতামূলক লাইভ পরীক্ষার বিকল্প নেই। Live MCQ™ আপনাকে হাজারো প্রকৃত প্রতিযোগীর সাথে পরীক্ষা দিয়ে নিজের প্রস্তুতি যাচাই করার সেই সুযোগ করে দিয়েছে।

**২. ভিডিয়ো ক্লাস ও তথ্যবহুল স্টাডি ম্যাটেরিয়ালস্:** Live MCQ™-তে বর্তমানে বিসিএস, প্রাইমারি, NTRCA সহ সকল ধরনের চাকরির প্রস্তুতির জন্য বর্তমানে ১২০০-এর বেশি Video Class ও ২০০০-এর বেশি PDF রয়েছে, যার সংখ্যা প্রতিনিয়তই বৃদ্ধি পাচ্ছে।

**৩. নির্ভুল ব্যাখ্যাসহ বিশাল প্রশ্ন ব্যাংক:** আর্কাইভ বাটনগুলোতে Live MCQ™-এর আগের সকল পরীক্ষার প্রায় ৫.২ লাখ+ Exclusive MCQ এবং রেফারেন্সযুক্ত ব্যাখ্যাসহ প্রশ্ন ব্যাংক রয়েছে।

**৪. স্টাডি সহায়ক অসংখ্য প্রিমিয়াম ফিচার:** Live MCQ™-এ স্মার্ট সার্চ, টপিক গুরু, টপিকভিত্তিক জব সল্যুশন, ফ্যাকাল্টিভিত্তিক জব সল্যুশন, কুইজ মাস্টার, ডাইনামিক প্যানেল, Audio Player, Multiplayer কুইজ গেইমসহ রয়েছে অসংখ্য প্রিমিয়াম ফিচার।

**৫. সার্বক্ষণিক মেন্টর সাপোর্ট ও ক্যারিয়ার কনসালটেন্সি।**

এরই ধারাবাহিকতায় বর্তমানে যুক্ত হয়েছে Live Publications™-এর বই। চাকরিপ্রার্থীদের প্রস্তুতির জন্য সকল সেবা নিশ্চিত করতে আমাদের প্রায় ১৫০ জন টিম মেম্বার যৌথভাবে কাজ করে যাচ্ছে।

## Live MCQ™ -এর প্রস্তুতি প্রোগ্রামসমূহ:

- বিসিএস (জেনারেল ও স্পেশাল)
- ব্যাংক নিয়োগ
- প্রাথমিক শিক্ষক নিয়োগ
- শিক্ষক নিবন্ধন (NTRCA)
- ৯ম - ১৩তম গ্রেডের চাকরির প্রস্তুতি
- ১৪তম - ২০তম গ্রেডের চাকরির প্রস্তুতি
- বার কাউন্সিল প্রস্তুতি
- বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস ইত্যাদি

ঘরে বসেই দেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির প্ল্যাটফর্মে হাজারো পরীক্ষার্থীর সাথে বিসিএস, ব্যাংক, প্রাথমিক শিক্ষক নিয়োগ, NTRCA-সহ সকল নিয়োগ পরীক্ষার প্রস্তুতি নিতে Live MCQ™ অ্যাপ ইনস্টল করুন।

Google Play App Store Windows